

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় সরকারি গণগ্রহাগার
চট্টগ্রাম।

সদস্য ফরম

বরাবর

প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক
বিভাগীয় সরকারি গণগ্রহাগার
চট্টগ্রাম।

অফিস কর্তৃক পূরণীয়
সদস্য নং :
ধরণ :

মহোদয়

আমি গণগ্রহাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বিভাগীয় সরকারি গণগ্রহাগার, চট্টগ্রাম হতে ধারে বই নেয়ার জন্য সদস্য হতে আত্মী। নিম্নে আমার পরিচিতি উল্লেখ করলাম:

০১	নাম	:	
০২	পিতার নাম/স্বামীর নাম	:	
০৩	মাতার নাম	:	
০৪	জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন নম্বর (?) (কপি সংযুক্ত করুন: জাতীয় পরিচয় পত্র না থাকার গ্রহণযোগ্য কারণ উল্লেখ করুন)	:	
০৫	বর্তমান ঠিকানা, ফোন ও মোবাইল নম্বর	:	গ্রাম/মহল্লা: ডাকঘর: থানা/উপজেলা: জেলা: ফোন: মোবাইল:
০৬	স্থায়ী ঠিকানা, ফোন ও মোবাইল নম্বর	:	গ্রাম/মহল্লা: ডাকঘর: থানা/উপজেলা: জেলা: ফোন: মোবাইল:
০৭	জন্ম তারিখ ও বয়স	:	
০৮	পেশা ও কর্মস্থলের পূর্ণ ঠিকানা (সাধারণ সদস্যদের ক্ষেত্রে)	:	
০৯	শিক্ষা প্রতিষ্ঠানের বিবরণ (শিশু-কিশোর ও ছাত্র-ছাত্রী সদস্যদের জন্য)	:	শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা: শ্রেণি: শাখা/বিষয়: রোল/আইডি নম্বর:

আমি ঘোষণা করছি যে, উল্লিখিত বিবরণ সঠিক এবং আমি বই ধার দেয়া সংক্রান্ত নীতিমালা মেনে চলতে বাধ্য থাকবো।

অভিভাবকের স্বাক্ষর ও তারিখ

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

আবেদনকারী এই শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত/প্রতিষ্ঠানে কর্মরত ও বর্ণিত তথ্যসমূহ সত্য। আমি তার সদস্যপদ প্রদানের জন্য সুপারিশ করছি। এই সদস্য কর্তৃক চট্টগ্রাম বিভাগীয় সরকারি গণগ্রহাগার হতে ধারে গৃহীত বই/গ্রহাগার সামগ্রী যথাযথভাবে ও যথাসময়ে ফেরৎ প্রদানের বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা করবো।

শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/
নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/
১ম শ্রেণীর গেজেটেড
কর্মকর্তার স্বাক্ষর, সীল:
ফোন নম্বর:

বই ধার নেয়া সংক্রান্ত নীতিমালা/শর্তাবলী :

১. নিবন্ধিত সদস্যগণ বই ধার নেয়ার ক্ষেত্রে নীতিমালার শর্তসমূহ পালন করতে বাধ্য থাকবেন।
২. বই ধার গ্রহণের জন্য আগ্রহী পাঠককে সদস্য হওয়ার জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। অফেরতযোগ্য ১০.০০ (দশ) টাকা ফি প্রদান করে চট্টগ্রাম বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার থেকে নীতিমালাসহ আবেদনপত্র সংগ্রহ করা যাবে।
৩. সদস্যের ধরণ হবে ৩ (তিন) প্রকার যা নিম্নরূপ:
 - (ক) শিশু সদস্য : অনূর্ধ্ব ১৬ বছরের ছেলে মেয়ে।
 - (খ) ছাত্র/ছাত্রী সদস্য : যাদের বয়স ১৬ বছরের উর্ধ্বে এবং কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত।
 - (গ) সাধারণ সদস্য : ছাত্র/ছাত্রী ব্যতীত ১৬ বছরের বেশি বয়সের সর্বসাধারণ।
৪. বয়স প্রমাণের জন্য ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জন্মনিবন্ধন পত্রের অনুলিপি/শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
৫. সাধারণ সদস্য চাকুরিজীবী হলে তাঁর নিয়ন্ত্রণকারী কর্মকর্তা এবং অন্যান্যদের ক্ষেত্রে স্ব স্ব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র/প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার এবং ছাত্র/ছাত্রী সদস্যের জন্য শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ের বিভাগীয় প্রধান কর্তৃক সুপারিশ সাপেক্ষে সদস্য করা হবে।
৬. ১ম শ্রেণীর সরকারি কর্মকর্তা বা শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত পাসপোর্ট সাইজের ১ (এক) কপি, স্ট্যাম্প সাইজের ২ (দুই) কপি ছবি এবং জাতীয় পরিচয় পত্রের/নাগরিকত্ব সনদের অনুলিপি সংযুক্ত করতে হবে।
৭. সাধারণ সদস্যের ক্ষেত্রে জামানত হিসেবে ৫০০/- (পাঁচশত) টাকা, ছাত্র/ছাত্রী সদস্যের ক্ষেত্রে ৩০০/- (তিনশত) টাকা এবং শিশু সদস্যের ক্ষেত্রে ২০০/- (দুইশত) টাকা জমা দিতে হবে এবং মেয়াদকাল সন্তোষজনকভাবে উত্তীর্ণ হওয়ার পর উক্ত সদস্য পদের মেয়াদ নবায়ন করতে ইচ্ছুক না হলে তার জামানতের টাকা ফেরত প্রদান করা হবে।
৮. নিবন্ধিত সদস্যের সদস্য পদের মেয়াদকাল এক বছর। তবে আগ্রহী পাঠকেরা মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর ২৫.০০ (পঁচিশ) টাকা নবায়ন ফি প্রদান সাপেক্ষে সদস্য কার্ড নবায়ন করতে পারবেন। এ ক্ষেত্রে নীতিমালার ৫ নম্বর শর্ত প্রতিপালন করতে হবে।
৯. প্রত্যেক সদস্যকে এককালীন ২ (দুই) টি বইয়ের বেশী ধার দেয়া হবে না। সর্বোচ্চ ১৫ (পনের) দিনের জন্য বই ধার দেয়া হবে। অন্য কোন পাঠকের চাহিদা না থাকলে একই পাঠক একই বই ধারাবাহিকভাবে সর্বোচ্চ ২ বার ধার নিতে পারবেন।
১০. কোন সদস্য ধার নেয়া কোন বই হারিয়ে ফেললে বা ক্ষতিসাধন করলে বই এর মূল্যের দ্বিগুণ অর্থ ক্ষতিপূরণ দিতে হবে।
১১. নির্ধারিত সময়ের মধ্যে বই ফেরত দিতে ব্যর্থ হলে সদস্যদের নিকট থেকে প্রথম সপ্তাহে অতিরিক্ত প্রতিদিনের জন্য বই প্রতি ৫.০০ (পাঁচ) টাকা এবং দ্বিতীয় সপ্তাহ থেকে বই প্রতি ১০.০০ (দশ) টাকা করে জরিমানা দিতে হবে। যদি ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কোন সদস্য বই ফেরত দিতে ব্যর্থ হয় তাহলে তার জামানত বাজেয়াপ্তকরণসহ সদস্যপদ বাতিল করা হবে।
১২. কার্ড হারিয়ে গেলে সাথে সাথে কর্তৃপক্ষকে জানাতে হবে এবং আবেদন সাপেক্ষে ২৫.০০ (পঁচিশ) টাকার বিনিময়ে পুনরায় কার্ড সংগ্রহ করা যাবে।
১৩. রেফারেন্স, আবদ্ধ, দুস্প্রাপ্য, একক কপি বিশিষ্ট পুস্তক, অতিমূল্যমানের পুস্তক, বিদেশী প্রকাশনা, সাময়িকী ও পত্র-পত্রিকা ধার দেয়া হবে না। এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
১৪. কোন সদস্য বই ধার সংক্রান্ত নীতিমালা পরিপন্থী কোন কাজ করলে তার সদস্যপদ বাতিল করা সহ জামানত বাজেয়াপ্ত করা হবে।
১৫. যদি কোন সদস্যের বর্তমান ঠিকানা বা মোবাইল ফোন নম্বর পরিবর্তন হয় তবে অবশ্যই তা কর্তৃপক্ষকে জানাতে হবে।
১৬. এ নীতিমালায় বর্ণিত যে কোন শর্ত কর্তৃপক্ষ প্রয়োজনে পরিবর্তন, পরিবর্ধন বা সংযোজন করতে পারবেন।
১৭. বই ধার সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।